

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০৫৩.২৫.১০৮

বিষয়: ইন্টিগ্রা ড্রেসেস লিমিটেড লিঃ নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে ২য় এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের সুপারিশ প্রদান প্রসঙ্গে।

সূত্র: আবেদনপত্র নং-৭৯১, তারিখঃ ২৮/০৮/২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ইন্টিগ্রা ড্রেসেস লিমিটেড, অফিস ও কারখানা: পল্ট নং-১৩ ও ১৪, ওয়ার্ড নং-৪২, করমতলা, পুবাইল, গাজীপুর, শিল্প উপ-খাত “তৈরি পোশাক (ওভেন)” এর নিবন্ধনকৃত একটি কারখানা। যা বস্ত্র অধিদপ্তরের নিবন্ধন নং- আরএমজি/ইএক্সপি/এফ ০০১০৬৯-২২, তারিখঃ ১৪/১২/২০২২ খ্রিঃ। শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য শিল্প আইআরসি নং- ২৬০৩২৬১২০৭৫৬৫২৩ নিয়মিতকরণের আবেদন জানালে কারখানাটি এ অধিদপ্তরের একজন ইন্সপেক্টর সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত তথ্যাদিসহ একটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন এবং দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষা করে প্রতিষ্ঠানটির অনুকূলে ২য় এডহক শিল্প আইআরসি এর ষান্মাসিক আমদানি স্বত্ব ২৫,৫০,০০,০০০/- (পঁচিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা এবং বার্ষিক আমদানি স্বত্ব ৫১,০০,০০,০০০/- (একান্ন কোটি) টাকা নির্ধারণ করে ২য় এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, “তৈরি পোশাক (ওভেন)” উপ-খাতের শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২৪ যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

০২। অতএব, উপরিউক্ত সিদ্ধান্তের আলোকে আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে ইন্টিগ্রা ড্রেসেস লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে ২য় এডহক শিল্প আইআরসি এর ষান্মাসিক আমদানি স্বত্ব ৫১,০০,০০,০০০/- (একান্ন কোটি) টাকা নির্ধারণ করে ২য় এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি তৈরি পোশাক (ওভেন) বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতিত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে। এ জন্য আইন ও বিধি অনুসারে কোন দায় বা দায়িত্ব থেকে তাকে অব্যাহতি দেবে না



১৫-০৯-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০৫৩.২৫.১০৮/১ (৫)

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ইন্টিগ্রা ড্রেসেস লিমিটেড, অফিস ও কারখানা: পল্ট নং-১৩ ও ১৪, ওয়ার্ড নং-৪২, করমতলা, পুবাইল, গাজীপুর।
- ৪। এসিস্টেন্ট মাইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
- ৫। ., অফিস কপি।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the name and date.

১৫-০৯-২০২৫
মোহাম্মদ মানিক খান
সহকারী পরিচালক